W.B.P. Form No.27

# FIRST INFORMATION REPORT

851

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S

1. Dist. Purba MED Sub-Divn. Tamluk P.S. Panskura Year 2017 FIR No. 345/17 Date 2/7/17
2. (i) Act IPC Sections 448/323/325/379/307/354/506/34 (ii) Act ... Section ...
   (iii) Act ... Sections ... (vi) Other Acts & Sections ...
3. (a) General Diary Reference : Entry No. 72 Time at 11-35h
   (b) Occurrence of Offence : Day Friday, 30/6/17 Time at about 20-30h
   (c) Information received Date 2/7/17 Time at 11-35h
   G. D. No. 72 at the Police Station :
4. Type of Information. Written/Oral
5. Place of Occurrence (a) Direction and Distance from P.S. 3 Kms west
   (a) Address Vill - Golpala, PS. Panskura, JL No-94, Anchal No-II Block-1
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. ...
   District ...
6. Complaint/Information :
   (a) Name Karuna Dalai
   (b) ~~Father's~~/Husband's Name Pratap Dolai
   (c) Date/Year of Birth ...
   (d) Nationality Indian
   (e) Address Vill - Golpala, PS Panskura, Dist - Purba Medinipur
7. Details Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Chandan Dalai S/O Lt Niranjan
   (Attach separate sheet, if necessary) Dalai (2) Bidyut Dalai S/O Lt Niranjan Dalai
8. Reasons for delay in reporting by the Complaint/Informant (3) Meghnath Dalai S/O Indrajit Dalai (4) Madan Mohan Dalai S/O Lt Pulin Dalai all of Golpala PS. Panskura, (5) Arun Dalai S/O Lt Purna ch Dalai of Lal chak PS. Panskura, Dist - Purba MED
9. Particular of properties stolen/involved : (Attach separate sheet, if required) ...
10. Total value of Properties stolen/involved : ...
11. Inquest report/U.D : Case No., If any : ...
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complaint of the complainant which is treated as FIR is noted below
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s. 448/323/325/379/307/354/506/34 IPC
   register the case and took up ~~the investigation~~/directed SI - Raban Hembram ... to take up the investigation
   transfered to P. S. ... on point of jurisdiction. FIR read over to the Complaint/Informant. admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

Signature of the Office-in-charge, Police Station with Name : Madan Mohan Rai

*The Officer - in - Charge, Panskura P.S.*
***Panskura, Purba Medinipur,***

মহাশয়,

অধীনা দরখাস্তকারিনী করুনা দোলই, স্বামী - প্রতাপ দোলই, সাং - গোটপোতা, পোঃ- রাতুলিয়া, থানা - পাঁশকুড়া, জেলা - পূর্ব মেদিনীপুর এর স্থায়ী অধিবাসী হইতেছি।

অধীনার বিনীত নিবেদন এই যে, নিম্ন ব্যাক্তিগন অধীনার পাড়া প্রতিবেশী হইতেছে।

গত ইং ৩০.০৬.২০১৭ তারিখ রাত্রি ৮টা ৩০ মিনিট নাগাদ তপশীল প্রতিপক্ষগন পূর্ব আক্রোশ বশতঃ অধীনার বাড়ীর সম্মুখে আসিয়া অধীনা ও অধীনার স্বামীকে কুৎসিত ভাষায় গালিগালাজ করিতে থাকে। অধিনা প্রতিবাদ করিলে সমূহ তপশীল আসামীগন অধীনার বসতগৃহে জোর পূর্ব্বক প্রবেশ করিয়া অধীনাকে যে যাহার মত কিল, চড়, ঘুসি, লাথি মারে এবং অধীনাকে প্রানে মারার উদ্দেশ্যে মাটিতে ফেলিয়া দিয়া ২ নং প্রতিপক্ষ ব্যাক্তি অধীনাকে শ্বাসরোধ করিয়া প্রানে মারার জন্য মুখে বালিশ চাপা দিয়া প্রানে মারার চেষ্টা করে। উক্ত সময়ে অধীনার স্বামী কর্মস্থল হইতে বাড়ী ফিরিয়া আসিলে তপশীল প্রতিপক্ষ ব্যাক্তিগন একত্রিত হইয়া অধীনার স্বামীকে ও যে যাহার মত কিল, চড়, ঘুসি, লাথি মারিতে থাকে এবং অধীনার বাড়ী হইতে অধীনার বিছানার নিচে থাকা সোনার চেন,কানের দুল সহ নগদ প্রায় ১,৫০০ টাকা বাহির করিয়া লইয়া অপহরন ও আত্মসাৎ করিয়াছে। ঐ সময়ে ১নং প্রতিপক্ষ অধীনার পরনের কাপড় খুলিয়া, ব্লাউজ ছিঁড়িয়া অধীনাকে বিবস্ত্র করিয়া অধীনার সম্ভ্রহানিকর কার্য্য করিয়াছে।

ঘটনাকালীন সময়ে অধীনার চিৎকার চেঁচামেচিতে স্থানীয় প্রতিবেশীরা উপস্থিত হইলে প্রতিপক্ষগন অধীনা ও অধীনার স্বামীকে পরে দেখিয়া লইবে বলিয়া ছাড়িয়া পলায়ন করে এবং পলায়নকালে উহারা অধীনা সহ পরিবারের লোকজনকে প্রানে মারার হুমকী সহ অধীনার ঘরবাড়ীতে অগ্নি সংযোগ করিয়া পুড়িয়া মারিবার কথা প্রকাশ্যে ঘোষনা করিয়াছে।

ঘটনার পর অধীনা শারীরিক ভাবে শ্বাস নিতে কষ্ট হওয়ায় রাত্রিতে স্থানীয় কোয়াক ডাক্তারের নিকট চিকিৎসিত হয় এবং পরদিন সকালে অসুস্থতাবোধ করায় স্থানীয় পাঁশকুড়া এস. এস. এইচ. হাসপাতালে চিকিৎসিত হইয়াছি। ঘটনার বিষয়ে যথেষ্ট সাক্ষ্য প্রমান রহিয়াছে।

অধীনার স্বামী সমূহ ঘটনার কথা স্থানীয় পঞ্চায়েত সদস্যকে জানাইলে,থানায় জানানোর কথা বলেন।

সকল আসামীগন উক্ত ঘটনার কথা থানায় জানাইলে অধীনাকে প্রতি মুহূর্তে মারশাসন করিবার কথা জানাইলে অধীন ভীত ও সন্ত্রস্থ অবস্থায় জীবন যাপন করিতেছি।

এমতাবস্থায় অধীনা দরখাস্তকারিনীর বিনীত প্রার্থনা এই যে, উপরোক্ত ঘটনার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহনের নিমিত্ত পাঁশকুড়া থানার ভারপ্রাপ্ত পুলিশ অফিসারকে তদন্তের নিমিত্ত নির্দেশ দানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

তারিখ - ২/৭/২০১৭

নিবেদন ইতি-
করুনা দোলই
8945064497

<u>তপশীল প্রতিপক্ষ ব্যাক্তির নাম ও ঠিকানা ঃ-</u>

১। চন্দন দোলই, পিতা - স্বর্গীয় নিরঞ্জন দোলই
২। বিদ্যুৎ দোলই, পিতা - স্বর্গীয় নিরঞ্জন দোলই
৩। মেঘনাথ দোলই, পিতা -ইন্দ্রজিৎ দোলই
৪। মদন মোহন দোলই, পিতা - স্বর্গীয় পুলিন দোলই
সাং - গোটপোতা, পোঃ- রাতুলিয়া,
থানা - পাঁশকুড়া, জেলা - পূর্ব মেদিনীপুর।
৫। অরুন দোলই, পিতা - স্বর্গীয় পূর্ন চন্দ্র দোলই,
সাং - লালচক, থানা - পাঁশকুড়া, জেলা - পূর্ব মেদিনীপুর।

<u>সাক্ষীগনের নাম ও ঠিকানা ঃ-</u>

১। প্রতাপ দোলই, পিতা - স্বর্গীয় নিরঞ্জন দোলই
সাং - গোটপোতা, পোঃ- রাতুলিয়া,
থানা - পাঁশকুড়া, জেলা - পূর্ব মেদিনীপুর।
২। রাধাকান্ত দোলই, পিতা - স্বর্গীয় চন্দ্র মোহন দোলই
৩। অমল দোলই , পিতা - মদন দোলই
সাং - লালচক, থানা - পাঁশকুড়া, জেলা - পূর্ব মেদিনীপুর।

Received on 2/7/17 at 11-35 hrs and started Panskura PS Case No 345/17 dt 2/7/17 u/s 448/323/325/379/307/354/506/34 IPC

OFFICER IN CHARGE Panskura PS.
PANSKURA PS 2/7/17
PURBA MEDINIPUR